

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২০১

ধর্মনগর, ২৪ এপ্রিল, ২০২৪

লোকসভা নির্বাচন ২০২৪ : ২-ত্রিপুরা পূর্ব (এসটি) সংসদীয় ক্ষেত্র
উত্তর ত্রিপুরা জেলায় ১৪৪ ধারায় বিধিনিষেধ আরোপ

২-ত্রিপুরা পূর্ব (এসটি) সংসদীয় ক্ষেত্রের নির্বাচন উত্তর ত্রিপুরা জেলায় সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে এক আদেশে ১৪৪ ধারায় কিছু বিধিনিষেধ আরোপ করা হয়েছে। জেলা নির্বাচন আধিকারিক তথ্য জেলাশাসক ও সমাহর্তা দেবপ্রিয় বর্ধন আজ এক সাংবাদিক সম্মেলনে একথা জানান। জেলাশাসক কার্যালয়ের সভাকক্ষে আয়োজিত এই সাংবাদিক সম্মেলনে জেলাশাসক জানান, আজ বিকাল ৫টো থেকে আগামী ২৭ এপ্রিল, ২০২৪ সকাল ৬টা পর্যন্ত এই আদেশ বলবৎ থাকবে। এই সময়ে কী কী বিধিনিষেধ মেনে চলতে হবে জনসাধারণকে সে সম্পর্কেও আলোকপাত করেন জেলাশাসক। তিনি জানান, ৫ বা তার বেশি ব্যক্তি একত্রিত হতে পারবেন না। বিভিন্ন প্রকার অস্ত্র, লাঠি, পাথর ইত্যাদি বহন করা যাবে না। তবে পোলিং পার্সোনেল, সিএপিএফ, পুলিশ, ইলেকশন ডিউটি অফিসিয়ালস, সংবাদকর্মী, সাধারণযাত্রীদের ক্ষেত্রে এই বিধিনিষেধ প্রযোজ্য হবে না। ভোটকেন্দ্রের ২০০ মিটার এলাকায়ও ভোটার আইডি কার্ড বা অন্য সচিত্র পরিচয়পত্র নিয়ে আসা ভোটারদের ক্ষেত্রেও এই বিধিনিষেধ প্রযোজ্য হবে না। জেলাশাসক আরও জানান, নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন করতে এরিয়া ডোমিনেশন সহ বিভিন্ন প্রস্তুতি নেওয়া হয়েছে। সাংবাদিক সম্মেলনে জেলাশাসক ভোটারদের ভোট উৎসবে সামিল হওয়ার আহ্বান জানান। সাংবাদিক সম্মেলনে জেলার পুলিশ সুপার ভানুপদ চক্ৰবৰ্তী জানান, নির্বাচন অবাধ, সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার জন্য জেলায় পর্যাপ্ত নিরাপত্তা কর্মী রয়েছেন।
